

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
গোদাগাড়ী, রাজশাহী।



স্মারক নং- ৩২.০১.৮১৩৪.০০০.০১.২৬৩(অংশ-২).১৯-৩১৩

তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২২

বিষয়: “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমে পাঁচটি ক্যাটাগরীতে প্রতি পৌর/ইউনিয়ন হতে জয়িতা নির্বাচন করে নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ৩২.০১.০০০০.০০৫.২৩.০০১.১৫-৪৯৩ তারিখ: ১৯/০৯/২০২২


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৫ নভেম্বর, ২০২২ হতে ১০ ডিসেম্বর ২০২২ পর্যন্ত “আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ” এবং ৯ ডিসেম্বর ২০২২ তারিখে “বেগম রোকেয়া দিবস” উদযাপন উপলক্ষ্যে তৃণমূল পর্যায়ে ৫টি ক্যাটাগরীতে সফল নারী তথা জয়িতাদের চিহ্নিত করে তাদের যথাযথ সম্মান, স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক বিশেষ কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। যার মাধ্যমে তাঁদের অনুপ্রেরণা যোগানো সম্ভব হলে সমাজে আপামর নারীদের মধ্যে আস্থা সৃষ্টি হবে এবং তাঁরাও জয়িতা হতে অনুপ্রাণিত হবে। সে প্রেক্ষিতে ৫টি ক্যাটাগরী যথা- (ক) অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী, (খ) শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী, (গ) সফল জননী নারী, (ঘ) নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী, (ঙ) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী তে পৌর/ইউনিয়ন কমিটির মাধ্যমে পাঁচ জন জয়িতা নির্বাচন পূর্বক নামের তালিকা, মূল্যায়ন ছক, রেজুলেশনসহ আগামী ২৭/১০/২০২২ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহীতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : (১) বর্ণনামতে ৩ পাতা।

(২) জীবনবৃত্তান্ত ১ পাতা।

প্রাপক :

- (১) মেয়র/চেয়ারম্যান.....পৌর/ইউপি, গোদাগাড়ী, রাজশাহী
- (২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস/উপজেলা শিক্ষা অফিস, গোদাগাড়ী, রাজশাহী।  
(আপনার আওতাভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষকসহ কেউ যদি প্রার্থী থেকে থাকে)
- (৩) ম্যানেজার, ওয়ার্ল্ড ভিশন/ব্রাক/এসিডি/এনডিপি/কাবিউস, গোদাগাড়ী, রাজশাহী।  
(আপনার কর্মএলাকা/প্রতিষ্ঠানের কেউ যদি প্রার্থী থেকে থাকে)

  
২০.০৯.২২

( নিলুফার ইয়াসমিন )

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
গোদাগাড়ী, রাজশাহী।

☎ ০২৪৭৮-৫৬২৭৮

Email: godagari.uwao@gmail.com

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) অনুলিপি:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
- ৪। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
- ৫। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
- ৬। অফিস কপি।